

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১৮১

তারিখ : ০৪-০৯-২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

মাদরাসার শিক্ষার্থী সংখ্যা হ্রাসের সকল প্রতিবন্ধকতা দূর করে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা হবে-ইআবি উপাচার্য

ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের মাদরাসা সমূহের শিক্ষার্থী সংখ্যা ক্রমবর্ধমান হারে হ্রাস পাওয়ায় “ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে করণীয়” শীর্ষক আলোচনা সভা আজ দুপুর ০২.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত মাননীয় উপাচার্যের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। অধিভুক্ত ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহের অধ্যক্ষগণের সাথে ভার্চুয়ালী সংযুক্ত হয়ে মতবিনিময় করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ।

ভার্চুয়াল আলোচনা সভার সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, ইসলামের সৌন্দর্য্য না ধরতে পারলে আমরা নিজেরাও ক্ষতিগ্রস্থ হবো, জাতিও ক্ষতিগ্রস্থ হবে, আল্লাহ ও রাসূলের মানবতার শিক্ষা না দিতে পারি তাহলে পৃথিবী থেকে মানবতা উঠে যাবে। মাদরাসা শিক্ষার মূল উদ্দেশ্য হচ্ছে আল্লাহ ও আল্লাহর রাসূলকে খুশি করা। আপনাদের প্রতি আমার সনির্বন্ধ অনুরোধ, শিক্ষার্থী ধরে রাখার কৌশল তৈরি করেন, শিক্ষার্থী যেন তার জীবনের শ্রেষ্ঠ সময় মনে করেন ক্লাস রুমকে। ক্লাস রুমকে আনন্দময় করুন এবং মাদরাসা শিক্ষার পাঠ গ্রহীতাকে তাদের জীবনের ইহকাল ও পরকালের স্বপ্ন পূরণ হিসেবে তাদের মনের মুকুটে প্রতিষ্ঠা করেন। স্কুল কলেজের শিক্ষকদের মতো মাদরাসার শিক্ষকগণ জেলা উপজেলা পর্যায়ে অভিভাবকদের সাথে শিক্ষার্থীদের সমস্যা নিয়ে অভিভাবক সভা করার আহবান জানান।

মতবিনিময় সভায় ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণ ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে করণীয় সংক্রান্ত বক্তব্যে বলেন, ভর্তি পরীক্ষার সংবাদ ব্যাপক ভাবে প্রচার করতে হবে, ব্যানার, ফেস্টুন, পত্রিকায়-টিভিতে বিজ্ঞাপন দিয়ে ছাত্রছাত্রীদের ও অভিভাবকদের উৎসাহিত করতে হবে। প্রথম থেকে মাদরাসা শিক্ষার্থীদের টিফিন ভাতা, উপবৃত্তি প্রদান করতে হবে। দাখিল স্তরের কোর্স কারিকুলাম স্কুলের সমমানের নিয়ে আসতে হবে। দাখিল শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা দিতে হবে, মানসম্মত শিক্ষক নিয়োগ দিতে হবে। শিক্ষক শিক্ষার্থীদের মাঝে সুসম্পর্ক সৃষ্টি করতে হবে, শিক্ষার্থীদের কোয়ালিটি সম্পন্ন শিক্ষা ও মানবিক গুনাবলিতে সমৃদ্ধ করে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন বক্তারা।

আলোচনায় অংশ গ্রহন করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম এবং ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণ। সভা সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

04.09.2023

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়